



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.১১৯৭

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭

০৩ নভেম্বর ২০২০

বিষয়: বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য রেল ও সড়ক পথে মোট ৭১৫০ মে.টন বোরো'২০ সিদ্ধ চালের চলাচলসূচি

- সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ২৭/০৯/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৪.৬৮.০০৬.১৯.৫১৩৭ নং স্মারক  
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ২৯/০৯/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৬২.৫০.০০৫.১৯.২৬৮ নং স্মারক  
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ২৮/১০/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০১.২০.১২৬৬ নং স্মারক  
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা এর ২০/১০/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.১৯০০.০০১.৫৮.০০১.২০.২০১৪ নং স্মারক  
৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁদপুর এর ১৯/১০/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.১৩০০.০০৭.৫০.০০৪.২০.১৪৪২ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা, চাঁদপুর এবং ঢাকা বিভাগের বৃহত্তর ফরিদপুর জেলাসমূহে নভেম্বর'২০ মাসে খাদ্যবান্ধব, ভিজিডিসহ বিভিন্ন বিলি-বিতরণের চালের চাহিদা সূত্রস্থ ৩ নং হতে ৫ নং স্মারকে প্রেরণ করা হয়েছে। রংপুর ও রাজশাহী বিভাগে সম্ভাব্য ০৩ মাসের চাহিদার অতিরিক্ত চাল সরানোর প্রস্তাব সূত্রস্থ ১ নং ও ২ নং স্মারকে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে রংপুর ও রাজশাহী বিভাগের যেসকল এলএসডি/সিএসডিতে সম্ভাব্য চাহিদার অতিরিক্ত চালের মজুত রয়েছে ঐ সকল এলএসডি/সিএসডি হতে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য রেল ও সড়ক পথে মোট ৭১৫০ মে.টন বোরো'২০ সিদ্ধ চালের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

রেল পথে সংগৃহীত বোরো'২০ সিদ্ধ চালের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	ঠিকাদারি প্রতিষ্ঠান
১.	নওগাঁ	নওগাঁ এলএসডি	ঢাকা	তেজগাঁও সিএসডি	১০৫০	বোরো'২০ সিদ্ধ চাল	রেল পথ	মেসার্স রিমি এন্টারপ্রাইজ
				মোট=	১০৫০			

সড়ক পথে সংগৃহীত বোরো'২০ সিদ্ধ চালের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	বুট	মন্তব্য
১.	দিনাজপুর	ফুলবাড়ী এলএসডি	মাদারীপুর	টেকেরহাট এলএসডি	৩০০	বোরো'২০ সিদ্ধ চাল	সড়ক পথ	চসসা বিভাগ উপ-সূচি জারি করবেন।
২.	ঐ	চিরিবন্দর এলএসডি	ঐ	ঐ	২০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	কালকিনি এলএসডি	১০০	ঐ	ঐ	
৪.	ঐ	দিনাজপুর সিএসডি	ঐ	ঐ	৪০০	ঐ	ঐ	
৫.	ঐ	বিরল এলএসডি	ঐ	শিবচর এলএসডি	৫০০	ঐ	ঐ	
৬.	ঐ	আমবাড়ী এলএসডি	শরীয়তপুর	ডামুড্যা এলএসডি	৩০০	ঐ	ঐ	
৭.	ঐ	কাহারোল এলএসডি	ঐ	ভেদরগঞ্জ এলএসডি	৩০০	ঐ	ঐ	
৮.	ঐ	বীরগঞ্জ এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ	
৯.	গাইবান্ধা	মহিমাগঞ্জ এলএসডি	ঐ	আংগারিয়া এলএসডি	৩০০	ঐ	ঐ	
১০.	ঐ	পলাশবাড়ী এলএসডি	ঐ	ঐ	২০০	ঐ	ঐ	
১১.	ঐ	ঐ	ঐ	গোসাইরহাট এলএসডি	১০০	ঐ	ঐ	
১২.	ঐ	গাইবান্ধা এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ	
১৩.	বগুড়া	মির্জাপুর এলএসডি	ঐ	জাজিরা এলএসডি	২০০	ঐ	ঐ	
১৪.	ঐ	বেতগাড়া এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ	
১৫.	ঐ	সাবেকপাড়া এলএসডি	ঐ	নড়িয়া এলএসডি	২০০	ঐ	ঐ	
১৬.	ঐ	সুখানপুকুর এলএসডি	ঐ	ঐ	১০০	ঐ	ঐ	
১৭.	ঐ	ঐ	কুমিল্লা	হোমনা এলএসডি	১০০	ঐ	ঐ	
১৮.	ঐ	সান্তাহার এলএসডি	ঐ	ঐ	২০০	ঐ	ঐ	
১৯.	ঐ	সান্তাহার সিএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ	
২০.	ঐ	ঐ	ঐ	চকবাজার এলএসডি	৫০০	ঐ	ঐ	
২১.	ঐ	ঐ	ঐ	ধর্মপুর এলএসডি	৫০০	ঐ	ঐ	
২২.	ঐ	ঐ	চাঁদপুর	মতলব এলএসডি (উত্তর)	৪০০	ঐ	ঐ	
				মোট =	৬১০০			

				সর্বমোট=	৭১৫০			
--	--	--	--	----------	------	--	--	--

### খাদ্যশস্য পরিবহনের ক্ষেত্রে আবশ্যিকভাবে পালনীয় নির্দেশনাঃ

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়ারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেন্সিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেনসিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্ট মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহনকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথথাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ১০/১১/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



৩-১১-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর, রংপুর
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ, রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.১১৯৭/১(১১)

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭  
০৩ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....
- ১০) ব্যবস্থাপক, ....., সিএসডি
- ১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা ....., এলএসডি



৩-১১-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপ-পরিচালক